দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

41

তারিখ 08 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 3

শিক্ষাঙ্গন

শিক্ষাঙ্গনে ছাত্রদের ভূমিকা

শিক্ষাঙ্গনে ছাত্রদের প্রধান উদ্দেশ্যই হল. শিক্ষার্জন। তাই শিক্ষাঙ্গনের পরিবেশ সর্বদাই শিক্ষার অনুকূল রাখা প্রয়োজন। ছাত্র-শিক্ষক উভয়ের যৌথ উদ্যোগে শিক্ষাঙ্গনের পরিবেশ সু-নিয়ন্ত্রিত হতে পারে। আর তাই শিক্ষাঙ্গনের পরিবেশ অনুকূল রাখার ব্যাপারে শিক্ষকদের পাশাপাশি ছাত্রদেরও যথেষ্ঠ ভূমিকা রয়েছে। একজন ছাত্র তখনই জ্ঞান অর্জনে সত্যিকারভাবে সাফল্য লাভ করতে পারে যখন সে আদর্শ ছাত্রের গুণাবলী মেনে চলতে সক্ষম হয়। অধ্যয়নই ছাত্রদের তপস্যা। কথাটি প্রতিটি ছাত্রেরই মনে রাখা প্রয়োজন। আর এ কথাটি মনে রেখে শিক্ষাঙ্গনে প্রবেশ করা উচিৎ। শিক্ষাঙ্গন শিক্ষার্থীর কাছে পবিত্র স্থান।

তাই নিজেকে আদর্শ ছাত্র হিসেবে গড়ে তোলার সর্বোত চেষ্টা করে শিক্ষাঙ্গনের পরিবেশকে সুন্দর করে গড়ে তোলার ক্ষেত্রে সহায়তা করা প্রয়োজন। শিক্ষাঙ্গনে সন্ত্রাস কথাটির সাথে আমরা বেশ পরিচিত। কিন্তু শিক্ষাঙ্গনে সন্ত্রাসী তৎপরতা বিরাজমান থাকলে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা সম্ভব হয় না। তাই শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমূলক তৎপরতার উর্ধ্বে রাখা জরুরী। "শিক্ষককে সম্মান দিতে না জানলে কখনোই প্রকৃত শিক্ষা লাভ করা যায় না"—কথাটি গুরুজনেরা প্রায়ই বলেন। কথাটি উপলব্ধিযোগ্য শিক্ষাঙ্গনের পরিবেশ কলুষিত করা কখনোই একজন ছাত্রের কাজ নয়। তাই, জ্ঞানার্জনের মানসিকতা তৈরী করতে হবে। নিজের চারপাশে সজাগ দৃষ্টি রাখতে হবে।

শিক্ষাঙ্গনে দায়িত্বশীল ছাত্র হিসেবে সব সময় জ্ঞানার্জনের মাঝে নিজেকে নিয়োজিত রাখতে হবে। আমাদের দেশের বর্তমান শিক্ষাব্যবস্থায় প্রায়ই বিভিন্ন কারণে শিক্ষক-ছাত্রের মাঝে অপ্রীতিকর ঘটনাও ঘটতে দেখা যায়। নিজেদের ভেতরে আভ্যন্তরীণ মতানৈক্যের কারণও থাকে। যার জন্য শিক্ষাঙ্গনে দুঃখজনক পরিস্থিতির উদ্ভব হয়ে থাকে। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কোন দুঃখজনক ঘটনা ঘটুক এটা আমাদের কাম্য নয়। ছাত্রদের বিরাজমান সমস্যা সমাধানের জন্য সুস্থিরভাবে সিদ্ধান্ত নিতে হবে। হতাশা বা নৈরাশ্যের পথ ধবলে লোকসান ব্যতীত লাভ হবে না। একজন ছাত্রকে সবসময় মনে-প্রাণে নিজের উপর আস্থাবান হতে হবে যে, সে অকালে কোন হতাশায় নিজেকে ধ্বংসের পথে নিয়ে যাবে না।

কারণ জাতির আগামী দিনের আশা—ছাত্র সমাজের সেও একজন। একজন ভালো ছাত্রের সংস্পর্শে এসে মন্দ ছাত্রও ভালো হতে পারে। আর এভাবে ইচ্ছে করলে একজন ভাল ছাত্রও বহু জনকে নিজ সৎসঙ্গের মাধ্যমে নিজের মতো করে গড়তে যথেষ্ট সহায়তা করতে পারে।

শিক্ষাঙ্গনে অবস্থানরত সময়ে সার্বিকভাবে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার দিকে দৃষ্টি দিতে হবে। দৃষ্টি দিতে হবে যেন তার নিজের জন্য শিক্ষাঙ্গনের পরিবেশ সামান্যতম কলুশিত না হয়। শিক্ষাঙ্গনে সত্যিকার শিক্ষার্থী হিসেবে নিজেকে পরিচিত করে তুলতে ছাত্রদের অবশ্যই উদ্যোগী হতে হবে।

—ফাহীম নাজ (কুমা)